নেই মানে ? ( সুভাষ মুখোপাধ্যায়কে )

এতো বছর ধরে হাঁটতে হাঁটতে
গাঁয়ে গঞ্জে আলপথ
শহরের কানা গলি থেকে রাজপথ
ঘুরতে ঘুরতে কানাকড়ি ঘাঁটতে ঘাঁটতে
আমাদের সামনে এমন করে আছে
তার কাঁথার নকসাটুকুও চোখে ভাসে
যে যাই বলুক কি-ই বা যায় আসে
তাকে দেখেই তো জেনেছিলাম
কবিতাকে যারা বলে
ভাবের ঘরেতে চুরি
সুঠাম বোলে ও চালে
ঠিক তারা বুঝে নেয়
মুজরো ও মজুরি

আজ দুদিন হলো চোখ বুঁজলেই
যদি কানাঘুষো হয়, রটে যায়
এই তো ছিলেন তিনি, এখন আর নেই
আমরা কি কখনো মানি
সায় দিই এমন কথায়

নেই মানে
কোথাও আছে বেশি জানি
বুকের বাঁদিকে সেই কুলুঙ্গির কোণে
খচখচ ব্যাথা বাজে
হেঁটে যায় একদার কমরেড মুখুয্যে

বিকাশ পাল

সৃষ্টিসন্ধান